দৈনিক বাংলা

তারিখ ... 08 FEB 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ১.....

13

শিক্ষা সপ্তাহ উদ্বোধনকালে প্রেসিডেন্ট

# জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে কারিগরি শিক্ষা দরকার

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস দেশের বিপুল জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার লক্ষ্যে বাস্তবমুখী শিক্ষা ব্যবস্থা ও কার্যকর কারিগরি শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি বলেন, দেশের জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা হলে এই জনসংখ্যাই আমাদের জন্য আশীর্বাদ হিসাবে পরিগণিত হবে।

জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৫ উদযাপন উপলক্ষে মঙ্গলবার ঢাকায় শিল্পকলা একাডেমীতে আয়োজিত জাতীয় শিক্ষা সম্মেলনের উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, জনসম্পদ সৃষ্টিতে শিক্ষাকে আরো বেশী কার্যকর ও ফলপ্রসূ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার এবং শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক।

অনুষ্ঠানে সংসদ সদস্যা মিসেস খুরশিদ জাহান হক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং দেশের বিশিষ্ট শিক্ষাবিদগণ উপস্থিত

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে কারিগরি শিক্ষা দরকার

ছিলেন। শিক্ষা সম্মেলনের আলোচ্য বিষয় 'জনসম্পদ সৃষ্টিতে শিক্ষার ভূমিকা'কে অত্যন্ত সঠিক ও সময়োপযোগী আখ্যায়িত করে প্রেসিডেন্ট বিশ্বাস আশা প্রকাশ করেন যে সম্মেলনে উপস্থিত দেশের জ্ঞানীগুণী ব্যক্তিবর্গ পারস্পরিক মতবিনিময়ের মাধ্যমে বর্তমান শিক্ষা ব্যবস্থার উন্নয়নে সুচিন্তিত ও বাস্তবমুখী সুপারিশ পেশ করবেন।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টিতে দলমত নির্বিশেষে সবাইকে সক্রিয় সহযোগিতা করতে হবে। শিক্ষার হার বৃদ্ধিতে বর্তমান গণতান্ত্রিক সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রমের উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন, শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে চলতি বছর এ খাতে সর্বাধিক আর্থিক বরাদ্দ দেয়া হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে সাধারণ ও কারিগরি শিক্ষা ক্ষেত্রে প্রয়োজনীয় উন্নয়ন সাধিত হলে আজকের জনসংখ্যা আগামীতে দেশের জনসম্পদে পরিণত হবে।

বিশেষ অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, দেশের বিপুল জনগোষ্ঠীকে জনসম্পদে পরিণত করার লক্ষ্যে বর্তমান শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তনের উদ্যোগ নেয়া হয়েছে এবং কারিগরি শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। তিনি বলেন, নতুন শিক্ষাক্রমের লক্ষ্য হচ্ছে দেশে আত্মনির্ভরশীল জনসম্পদ সৃষ্টি করা। এই লক্ষ্যে তিনি শিক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।